# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ

**বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | | |
|---|---|---|---|
| ১. | সভাপতি | : | ড. মির্জা মোফাজ্জল ইসলাম<br>মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ |
| ২. | তারিখ ও সময় | : | ১৬ আগস্ট ২০২২ খ্রি., বেলা ১১.০০ ঘটিকায়। |
| ৩. | স্থান | : | সেমিনার কক্ষ |
| ৪. | উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |
| ৫. | আলোচনা ও সিদ্ধান্ত | : | উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ১৪ জুলাই ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন | (১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন গুরুত্ব সহকারে প্রস্তুত করে প্রতিমাসে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা/ সিএসও (আরসি) |
| ২. | গবেষণা কার্যক্রম জোরদারকরণ | (১) ধান এবং উদ্যানতাত্ত্বিক ফসলের হাইব্রিড জাত উদ্ভাবনের গবেষণায় জোর দিতে হবে। উদ্ভিদ প্রজনন বিভাগ ও উদ্যানতত্ত্ব বিভাগের বিজ্ঞানীদের সমন্বয়ে আগামী ১ মাসের মধ্যে হাইব্রিড জাত উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। আগামী ১৫ দিনের মধ্যে উদ্যানতত্ত্ব বিভাগ একটি প্রশিক্ষণ মডিউল তৈরি করে পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) বরাবর জমা প্রদান করবেন। প্রশিক্ষণ পরবর্তী তিনজন বিজ্ঞানীকে নির্বাচিত করে লালতীরে তিন মাসের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা); বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগে এবং বিভাগীয় প্রধান, উদ্যানতত্ত্ব বিভাগ |
| | | (২) বাজরা (millet) এর জার্মপ্লাজম সংগ্রহ করতে হবে। বাজরা বিষয়ে গবেষণা প্রোগ্রাম প্রণয়নের পূর্বে multi stakeholder নিয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ |
| | | (৩) পুষ্টিকর শস্য সরগাম নিয়ে গবেষণা শুরু করতে হবে এবং আমদানি নির্ভরতা কমাতে গমের উন্নত ও ব্লাষ্ট রোগ প্রতিরোধী জাত উদ্ভাবনে গবেষণা আরো বাড়াতে হবে। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ |
| | | (৪) উচ্চমূল্য ফসল হিসাবে কাজু বাদাম ও কফি এবং চিনাবাদাম ও তিল নিয়ে গবেষণা আরো বাড়াতে হবে। | সকল বিভাগীয় প্রধান |
| | | (৫) চলতি অর্থবছরে (২০২২-২৩) যারা জাত/প্রযুক্তি দিবেন তাদের কাজের অগ্রগতি এবং জাত/প্রযুক্তি সংক্রান্ত তথ্য উপস্থাপনের লক্ষ্যে আগামী ২ সপ্তাহের মধ্যে একটি সেমিনার আয়োজন করতে হবে। | সিএসও (আরসি)/সংশ্লিষ্ট বিজ্ঞানী |
| | | (৬) সেপ্টেম্বর মাসের ৩য় সপ্তাহের মধ্যে বার্ষিক গবেষণা পর্যালোচনা সভা আয়োজনের প্রস্তুতি নিতে হবে। বার্ষিক গবেষণা পর্যালোচনা সভার ১ম দিনে স্টল দেয়ার জন্য প্রত্যেক বিভাগকে এখন থেকেই প্রস্তুতি নিতে হবে। | পরিচালক (গবেষণা), সিএসও (আরসি) ও সকল বিভাগীয় প্রধান |
| | | (৭) বিভিন্ন সময়ে গঠিত সকল কমিটির কার্যক্রম জোরদার করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৩. | ওয়েব সাইট হালনাগাদকরণ | (১) বিনা'র ওয়েব সাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ এবং হালনাগাদ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | | (২) জাত ও প্রযুক্তি সংক্রান্ত তথ্যগুলো ওয়েবসাইটে আপলোডের জন্য প্রোগ্রামার, ICT বরাবর তথ্য সরবরাহ করতে হবে। | সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত বিজ্ঞানী |
| | | (৩) ওয়েবসাইটের কোন সেবা বক্স আপডেটের ক্ষেত্রে পূর্ববর্তী এবং পরবর্তী অবস্থা প্রমাণক হিসাবে স্ক্রিন শট দিয়ে রাখতে হবে। | প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তি | (১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (অর্থ) |
| ৫. | অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি। | (১) অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারীগণের অবসরে যাবার ০৩ (তিন) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ)/ উপ-পরিচালক (অর্থ) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | খরচের হিসাব নিয়মিত সমন্বয় সাধন | (১) ২০২১-২০২২ অর্থবছরের অগ্রিম নোটের যে সকল সভাপতিগণ খরচের সমন্বয় পাচ্ছেন না তাঁরা তালিকা তৈরি করে মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করবেন। | সকল বিজ্ঞানী/ কর্মকর্তা/কর্মচারী |
| | | (২) ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব/প্রকল্প/কর্মসূচিসমূহের মালামাল ক্রয়ের ক্ষেত্রে টেন্ডারকৃত মালামালের কার্যাদেশ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে দিতে হবে। | সকল প্রকল্প/কর্মসূচি পরিচালক |
| ৭. | শূন্য পদে লোক নিয়োগ | সকল শূন্য পদ পূরণ ও চলমান নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) |
| ৮. | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (১) অনিস্পন্ন ই-নথি আছে এমন ব্যহারকারীদের তালিকা করে সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | প্রোগামার, আইসিটি শাখা |
| ০৯. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অভিযোগ নিস্পত্তি | (১) সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে পরিচালকগণের প্রত্যেককে কমপক্ষে ১টি বিভাগ অথবা শাখা আকস্মিক পরিদর্শন করে গবেষণা, আর্থিক ব্যবস্থাপনাসহ সার্বিক বিষয়ে মনিটরিং করতে হবে এবং মহাপরিচালক বরাবর প্রতিবেদন জমা প্রদান করতে হবে। | সকল পরিচালক |
| | | (২) কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম হিসাবে আগামী ১৫ দিনের মধ্যে বিশুদ্ধ পানির জন্য উন্মুক্ত স্থানে পানির ফিল্টার স্থাপনের ব্যবস্থা করতে হবে। | সহকারী প্রকৌশলী |
| | | (৩) কর্মপরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম হিসাবে আগামী এক মাসের মধ্যে ক্যান্টিনের পরিবেশ উন্নয়নের জন্য প্রয়োজনীয় মেরামত কাজসহ উপকরণ সরবরাহের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে প্রমাণক হিসাবে আবশ্যিকভাবে উন্নয়ন পূর্ববর্তী ও পরবর্তী অবস্থার ছবি রাখতে হবে এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও SDG সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন | (১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ১৫ সেপ্টেম্বরের মধ্যে অংশীজনের অংশ গ্রহণে সভা আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট, এপিএ |
| | | (২) বিনা'র জার্মপ্লাজম সংগ্রহের কর্মপরিকল্পনা তৈরি করতে হবে এবং মহাপরিচালক বরাবর জমা প্রদান করতে হবে। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| ১০. | জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক নিরাপত্তা বিষয়ক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট, জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসুচি বাস্তবায়ন |
| ১১. | উপকেন্দ্রসমূহের গবেষণা ও পরিচালনা সংক্রান্ত আলোচনা | (১) আঞ্চলিক গবেষণা কেন্দ্র, গাজীপুর এর জন্য আনসার সদস্য নিয়োগের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| | | (৩) উপকেন্দ্রের নিজস্ব আয় রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে। ক্যাশ বই ছাড়া কোন কিছু ক্রয় বিক্রয় করা যাবেনা। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ১২. | বিবিধ | (১) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে গঠিত কমিটি প্রতি মাসের সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সভাপতি, সংশ্লিষ্ট কমিটি |
| | | (২) বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে বীজ সংরক্ষণাগার ও গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি আছে এমন জায়গা ছাড়া সব এসি বন্ধ রাখতে হবে, সোলার প্যানেল চালুর উদ্যোগ নিতে হবে, গাড়ির ব্যবহার সীমিত করতে হবে। | সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল বিজ্ঞানি/ কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ |
| | | (৩) প্রতিটা উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ সেচ পাম্প আলাদার করার জন্য নিজ নিজ এলাকার পিডিবি অফিসে যোগাযোগ করতে হবে। | সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| | | (৪) রোড লাইটের পরিবর্তে সোলার লাইটের ব্যবস্থা করতে হবে এবং বিদ্যুৎ ব্যবহার ২৫% কমাতে হবে। | প্রকৌশল শাখার |

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৮/২০২২

(ড. মির্জা মোফাজ্জল ইসলাম)
মহাপরিচালক